সিলেটের ৩ পৌরসভা নির্বাচন: বিদ্রোহীদের জয়জয়কার, নৌকা ১

কোন অপ্রীতিকর ঘটনা ছাড়াই সিলেটের গোলাপগঞ্জ, জকিগঞ্জ ও মৌলভীবাজার পৌরসভায় শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে ভোট গ্রহণ। নির্বাচন কমিশন ঘোষিত ৩য় ধাপের পৌর নির্বাচনে ৩ পৌরসভায় আওয়ামীলীগের বিদ্রোহীদের জয়জয়কার। ২ টিতে আওয়ামীলীগের ব্যাপক ভরাডুবি ও বিদ্রোহী প্রার্থী বিজয়ী হয়েছে। এমনকি দুটিতে প্রধান প্রতিদ্বন্দ্বীও ছিল আওয়ামীলীগের অপর বিদ্রোহী। জকিগঞ্জ পৌর নির্বাচনে মাত্র ২ ভোটে বিজয়ী হয়েছেন আওয়ামীলীগের বিদ্রোহী প্রার্থী আব্দুল আহাদ। অপরদিকে মাত্র ১ টিতে বিজয়ী হয়েছে আওয়ামীলীগের নৌকা, যদিও সেখানে একদিন আগে নির্বাচন বর্জন করেছেন বিএনপি মনোনীত প্রার্থী। তবে ৩টি পৌরসভায় ভোটার উপস্থিতি ছিল তুলনামূলক কম।

সিলেটের গোলাপগঞ্জ পৌরসভায় বিজয়ী হয়েছেন আওয়ামীলীগের বিদ্রোহী প্রার্থী আমিনুল ইসলাম রাবেল, জকিগঞ্জ পৌরসভায় বিজয়ী হয়েছেন আওয়ামীলীগের বিদ্রোহী প্রার্থী আব্দুল আহাদ এবং মৌলভীবাজার সদর পৌরসভায় বিজয়ী হয়েছেন আওয়ামীলীগের প্রার্থী ফজলুর রহমান।

মৌলভীবাজার প্রতিনিধি জানান, মৌলভীবাজার পৌরসভা নির্বাচনে আ’লীগের নৌকা প্রতীক নিয়ে মোঃ ফজলুর রহমান দ্বিতীয় বারের মত বেসরকারিভাবে মেয়র নির্বাচিত হয়েছেন। তিনি ১৩ হাজার ৬শ ৯৭ ভোট পেয়েছেন। তার নিটকতম প্রতিদ্বন্দ্বী বিএনপি প্রার্থী অলিউর রহমান ৩ হাজার ৭শত ৩০ ভোট পেয়েছেন। সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চলে ভোটগ্রহণ। শান্তিপূর্ণ ভোট গ্রহণ নিয়ে কোন প্রার্থীর অভিযোগ ছিলনা।

গোলাপগঞ্জ প্রতিনিধি জানান, গোলাপগঞ্জ পৌর নির্বাচনে আওয়ামীলীগের বিদ্রোহী প্রার্থী বর্তমান মেয়র আমিনুল ইসলাম রাবেল জগ প্রতীকে ৫ হাজার ৮শ ৫১ ভোট পেয়ে বেসরকারীভাবে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ¦◌ী আওয়ামীলীগের অপর বিদ্রোহী প্রার্থী জাকারিয়া আহমদ পাপুল মোবাইল প্রতীকে পেয়েছেন ৪ হাজার ৫শ ৫৮ ভোট। বিএনপি প্রার্থী গোলাম কিবরিয়া চৌধুরী শাহীন ধানের শীষ প্রতীকে পেয়েছেন ৪ হাজার ২শ ২২ ভোট। আর আওয়ামীলীগ মনোনীত প্রার্থী রুহেল আহমদ নৌকা প্রতীকে পেয়েছেন ১ হাজার ১শ ৭৫ ভোট।

জকিগঞ্জ প্রতিনিধি জানান, বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে সিলেটের জকিগঞ্জ উপজেলার পৌর নির্বাচন শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়। নির্বাচনে নারিকেল প্রতীকে আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী আব্দুল আহাদ ২ হাজার ৮৩ ভোট পেয়ে বেসরকারীভাবে নির্বাচিত হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জগ প্রতীকের আওয়ামীলীগের অপর বিদ্রোহী প্রার্থী ফারুক আহমদ পেয়েছেন ২ হাজার ৮১ ভোট। মাত্র ২ ভোটের ব্যবধানে বিজয়ী হয়ে যুবলীগের আব্দুল আহাদ। আল ইসলাহ প্রার্থী হিফজুর রহমান মোবাইল প্রতীকে পেয়েছেন ১ হাজার ৯৮৫ ভোট। আওয়ামীলীগের প্রার্থী মুক্তিযোদ্ধা খালিক উদ্দিন পেয়েছেন ৬৬৯ ভোট। বিএনপির ইকবাল আহমদ ধানের শীষ প্রতীকে পেয়েছেন ৬১০ ভোট।